

# **া** রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৫৬৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৫৮]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (کتاب الأمور المنهى عنها)

পরিচ্ছেদঃ ২৬৪ : নির্দিষ্ট ব্যক্তি বা প্রাণীকে অভিসম্পাত করা ঘোর নিষিদ্ধ

(264) بَابُ تَحْرِيْمِ لَعْنِ إِنْسَانٍ بِعَيْنِهِ أَقْ دَابَّةٍ

#### আরবী

وَعَنْ أَبِي بَرْزَةَ نَضْلَةَ بْنِ عُبَيْدِ الأَسْلَمِيِّ قَالَ: بَيْنَمَا جَارِيَةٌ عَلَى نَاقَةٍ عَلَيْهَا بَعْضُ مَتَاعِ القَوْمِ . إِذْ بَصُرَتْ بِالنَّبِيِّ صلى الله عليه وسلم، وتَضَايَقَ بِهِمُ الجَبَلُ فَقَالَتْ: حَلْ، اَللهم الْعَنْهَا. فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم: «لاَ تُصاحِبْنَا نَاقَةٌ عَلَيْهَا لَعْنَةٌ» . رواه مسلم

#### বাংলা

৮/১৫৬৬। আবৃ বার্যাহ নাযলাহ ইবনে উবাইদ আসলামী বলেন, একবার এক যুবতী মহিলা একটি উটনীর উপর সওয়ার ছিল। আর তার উপর লোকদের [সহযাত্রীদের] কিছু আসবাব-পত্র ছিল। ইত্যবসরে মহিলাটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে প্রত্যক্ষ করল। আর লোকদের জন্য পার্বত্য পথটি সংকীর্ণ বোধ হল। মহিলাটি উটনীকে [দ্রুত গতিতে চালাবার উদ্দেশ্যে] বলল, 'হা:! হে আল্লাহ! এর উপর অভিশাপ কর।' তা শুনে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "ঐ উটনী যেন আমাদের সাথে না থাকে, যাকে অভিশাপ করা হয়েছে।" (মুসলিম) [1]

জেনে রাখুন যে, দৃশ্যত: এই হাদিসের অর্থের ব্যাপারে জটিলতা দেখা দিতে পারে। অথচ এতে কোন জটিলতা নেই। কারণ, এর মর্মার্থ হল যে, উটনীটিকে অভিশাপ করা হয়েছে, অতএব তা যেন তাঁদের সাথে না থাকে। এর মানে এই নয় যে, উটনীটিকে যবেহ করা, বিক্রি করা, তার উপর আরোহন করা ইত্যাদি নিষেধ। বরং এ সকল তথা অন্য সমস্ত প্রকার উপকার তার দ্বারা গ্রহণ করা বৈধ। যা নিষিদ্ধ হল, তা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাফেলায় থাকা। সূতরাং তা ব্যতীত অবশিষ্ট দিকগুলি পূর্ববং বৈধ থাকবে।

## **English**

(264) Chapter: Prohibition of Cursing one Particular Man or Animal

Abu Barzah Nadlah bin 'Ubaid Al-Aslami (May Allah be pleased with him) said:

A young woman was riding a she-camel on which there was the luggage of



people. Suddenly she saw the Prophet (ﷺ). The pass of the mountain became narrow for her people (because of fear). The young woman said to the she-camel: "Go ahead." When it did not move, she said, "O Allah! Curse it." The Prophet (ﷺ) said, "The she-camel that has been cursed should not accompany us."

### [Muslim].

Commentary: Some people have taken this Hadith to mean that the shecamel cursed by the young woman was abandoned there and it was neither used for transport nor conveyance, as was the practice in the pre-Islamic period with she-camels which were let loose for free pasture for the polytheists' false gods, and nothing was allowed to be carried on them. Such she-camels were called as "As-Sa'ibah" There is no justification for such interpretationbecause the she-camel was not set absolutely free like As-Sa'ibah. All that was done was that because of the curse, it was considered unworthy of the entourage company of the Prophet (PBUH). Except for this bar, it was valid for all other purposes. Thus, this Hadith proves that it is not permissible to associate with people who are given to sins and heresies in religion because they have been cursed. When one is not permitted to keep an animal which has been cursed, how can one possibly keep company with people who commit acts as a result of which they have been cursed.

## ফুটনোট

[1] মুসলিম ২৫৯৬, আহমাদ ১৯২৯১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ বার্যা আল-আসলামী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন